

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১, সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নং-০৪.০১.৭৯০০.৬৫২.০২.০১০.১৭.

তারিখ : ১২/১১/২০১৮

বিষয় : বিভাগীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র : (১) দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, বরিশালের স্মারক নং-৭৫৬ তারিখ-১২/১১/২০১৮
(২) দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, বরিশালের স্মারক নং-২৮৭৩ তারিখ-৩১/১০/২০১৮

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার মঠবাড়ীয়া থানাধীন ধানীসাফা নেছারিয়া এতিমখানার নামে বরাদ্দকৃত ক্যাপিটেশন গ্র্যান্টের টাকা আত্মসাৎ সংক্রান্তে বিজ্ঞ স্পেশাল জজ আদালত পিরোজপুর এ দায়েরকৃত পিটিশন মামলা নং-০২/২০১৬ তদন্তকালে ৭,০২,৯০০/- টাকা আত্মসাতে সহায়তা করার অভিযোগ প্রমাণিত হওয়ায় (১) জনাব মোঃ শফিকুল ইসলাম, সাবেক উপজেলা সমাজসেবা, মঠবাড়ীয়া, পিরোজপুর বর্তমানে উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বামানা, বরগুনা (২) জনাব মোঃ সাজ্জাদুল ইসলাম, সাবেক উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মঠবাড়ীয়া বর্তমানে উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (৩) জনাব মোঃ মিজান সালাউদ্দিন, সাবেক উপজেলা সমাজসেবা কর্মকর্তা মঠবাড়ীয়া, পিরোজপুর বর্তমানে উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ভান্ডারিয়া, পিরোজপুর এবং (৪) জনাব মোঃ রিয়াজ উদ্দিন, সাবেক উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মঠবাড়ীয়া পিরোজপুর বর্তমানে উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বেলাবো, নরসিংদীদেব বিরুদ্ধে দায়িত্ব ও কর্তব্য কাজে অবহেলার কারণে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানোর সিদ্ধান্ত কমিশন কর্তৃক গৃহীত হয়েছে। বর্ণিত ব্যক্তিদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে খসড়া অভিযোগ নামা ও খসড়া অভিযোগ বিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। এমতাবস্থায়, দুর্নীতি দমন কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী বর্ণিত ব্যক্তিদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থা এ কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্ত : খসড়া অভিযোগনামা ও অভিযোগ বিবরণী
০৮ (আট) পাতা।

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্বাক্ষরিত/-
১৮/০২/১৯
(মুহাম্মদ দিলোয়ার বখ্ত)

সচিব
ফোন : ৯৩৬০১১০


ইমেইল : Secretary @ acc.org.bd.

স্মারক নং-০৪.০১.৭৯০০.৬৫২.০২.০১০.১৭.

তারিখ : ১২/১১/১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো : -

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৪। পরিচালক (পর্যবেক্ষণ ও মূল্যায়ন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, বরিশাল।
- ৬। সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা। বক্ষমান পত্রটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হল।
- ৭। উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, বরিশাল।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নিয়ন্ত্রণ কক্ষ (কক্ষ নং- ২০৩), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।


১২/০২/১৯
(ফারজানা ইয়াসমিন)

উপপরিচালক (অনুঃ ও তদন্ত-৮)/বরিশাল
ফোন-৯৩৫৬৬৪৫।